

পরিচালকমন্ডলীর প্রতিবেদন

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লিমিটেড -এর ৮ম বার্ষিক সাধারণ সভায় আপনাদেরকে স্বাগত জানাচ্ছি। একই সাথে কোম্পানীর পরিচালনা কার্যক্রম, ৩০ জুন ২০১৬খ্রিঃ তারিখে সমাপ্ত অর্থ বৎসর পর্যন্ত নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং নিরীক্ষা প্রতিবেদন সমূহ আপনাদের উদ্দেশ্যে উপস্থাপন করতে পেরে আমরা আনন্দিত।

আর্থ-সামাজিক প্রেক্ষাপট এবং আন্তর্জাতিক টেলিযোগাযোগ শিল্পখাত :

বিগত কয়েকটি বছরে বাংলাদেশের অর্থনীতি বাৎসরিক প্রায় ৭% প্রবৃদ্ধি হার সহকারে বিকশিত হয়েছে। উন্নত বিশ্বের অনেক দেশ অর্থনৈতিক মন্দার কবলে পড়লেও বাংলাদেশ দক্ষিণ এশিয়ার অল্প কয়েকটি দেশের মধ্যে একটি যার বার্ষিক জিডিপি প্রবৃদ্ধি সারা বিশ্বের দৃষ্টি আকর্ষণ করতে সক্ষম হয়েছে। টেলিযোগাযোগ, গ্যাস ও বিদ্যুৎ খাতেও বৈদেশিক সরাসরি বিনিয়োগের ফলে উল্লেখযোগ্য প্রবৃদ্ধি ঘটেছে।

দারিদ্র বিমোচন, শিশু মৃত্যুহার হ্রাস, নারী অধিকার বাস্তবায়ন, মাথাপিছু আয়, গড় আয়ু প্রত্যাশা, ডিজিটাল বিভেদ হ্রাস, সমতার হার এবং অন্যান্য সূচকের ক্ষেত্রে সাম্প্রতিক বছরগুলোতে দক্ষিণ এশীয় অপরূপ দেশগুলির তুলনায় বাংলাদেশের কথা বিশেষভাবে আলোচনায় আসছে। “মিলেনিয়াম ডেভলপমেন্ট গোল” এর লক্ষ্যসমূহের মধ্যে কয়দাংশ বাংলাদেশ প্রত্যাশিত সময়ের আগেই অর্জন করে ফেলেছে। সড়ক পরিবহন ও যোগাযোগ, বিদ্যুৎ ও পানি সরবরাহ ব্যবস্থার অবকাঠামো উন্নয়নে বাংলাদেশ সন্তোষজনক গতিতে এগিয়ে চলেছে। গত কয়েকটি বছরে বাংলাদেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রেও ব্যাপক অগ্রগতি অর্জন করেছে। সম্প্রতি বাংলাদেশ নিম্ন আয়ের দেশের তালিকা হতে নিম্ন মধ্যম আয়ের দেশের তালিকায় উন্নীত হয়েছে।

বিশ্বায়নের এই যুগে টেলিযোগাযোগ হচ্ছে অত্যন্ত তাৎপর্যপূর্ণ একটি বিষয় এবং অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ উন্নয়ন লক্ষ্য হচ্ছে দেশের জন্য একটি শক্তিশালী টেলিযোগাযোগ ব্যবস্থা গড়ে তোলা। আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থার শুরুতে আমাদের দেশ সিলেট, তালিাবাদ, বেতবুনিয়া এবং মহাখালীতে অবস্থিত ভূ-কেন্দ্রের মাধ্যমে উপগ্রহ ব্যবস্থার সঙ্গে সংযুক্ত ছিল। কম্পিউটার, মোবাইল ও সাবমেরিন কেবল নেটওয়ার্ক ব্যবস্থার আবির্ভাবের ফলে টেলিযোগাযোগ খাতে এক নতুন যুগের সূচনা হয়েছে যার ফলে যোগাযোগ প্রযুক্তি ও ইন্টারনেট ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশের মত একটি ঘনবসতিপূর্ণ দেশে টেলিযোগাযোগ অর্থনৈতিক ও জনগণের জীবনমান উন্নয়নে একটি নিয়ামক ভূমিকা পালন করতে পারে। আমাদের দেশে ১৯৯০ সাল থেকে আজ পর্যন্ত মোবাইল যোগাযোগ ব্যবস্থার উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে এবং মোবাইল ব্যবহারকারীর সংখ্যা এখন প্রায় ১২.৬ কোটি। সরকার স্কুল ও কলেজ পর্যায়ে ইন্টারনেট সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে এবং ইন্টারনেট সেবা সর্ব সাধারণের ক্রয় ক্ষমতার মধ্যে নিয়ে আসার জন্য কয়েক দফা মূল্য হ্রাস করেছে। যার ফলে ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা ধীরে ধীরে সারা দেশে ছড়িয়ে পড়ছে। বর্তমানে বাংলাদেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা হচ্ছে ৫.০৭ কোটি। সাবমেরিন কেবল ব্যবস্থার মাধ্যমে ব্রডব্যান্ড ইন্টারনেটের দ্রুত প্রসার ঘটছে। এক্ষেত্রে সাবমেরিন কেবল ব্যবস্থাকে টেলিযোগাযোগের মূল ভিত্তি হিসেবে গণনা করা হয়ে থাকে। সাবমেরিন কেবল ব্যবস্থায় উন্নত প্রযুক্তি ব্যবহার অতিউচ্চ মাত্রার ব্যান্ডউইড্থ এবং উন্নতমানের সেবা সরবরাহের মাধ্যমে বাংলাদেশ এবং বর্হিবিশ্বের সাথে টেলিযোগাযোগ রক্ষা করা হয়।

বাংলাদেশে বিএসসিসিএল-এর সাবমেরিন কেবল ব্যবস্থার মাধ্যমে ডাটা স্থানান্তরের ব্যবহার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে এবং বিভিন্ন সেবা প্রদানকারী সংস্থা যেমনঃ- IIG, BWA, মোবাইল অপারেটর এর সুবিধা ভোগ করে আসছে। ‘ভিশন -২০২১’ বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার বেশ কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ গ্রহণ করেছে এবং সে লক্ষ্যে ব্রডব্যান্ড ব্যবহার ৭% (২০১১) থেকে ২০১৫ সালের মধ্যে ৩০% পর্যন্ত ব্যবহারের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এছাড়া সকল ইউনিয়ন পরিষদ, ১৭ লক্ষ শিক্ষা প্রতিষ্ঠানকে ব্রডব্যান্ড যোগাযোগ ব্যবস্থার আওতায় আনার পরিকল্পনা গ্রহণ করেছে। ‘ভিশন ২০২১’ বাস্তবায়নের জন্য প্রচুর ব্যান্ডউইড্থ এর প্রয়োজন হতে পারে যার একমাত্র যোগানদাতা হবে বিএসসিসিএল।

বিএসসিসিএল বাংলাদেশ সরকারের রাজস্ব আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিএসসিসিএল এর সাবমেরিন কেবল ব্যবস্থা আন্তর্জাতিক টেলিযোগাযোগ অবকাঠামোর মূল ভিত্তি। সাবমেরিন কেবল এর উচ্চগতি সম্পন্ন সেবা ও নির্ভরযোগ্য সংযোগ বর্তমান বিশ্বের ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবস্থা খুব দ্রুত উন্নতি সাধন করেছে। বর্তমানে প্রায় সকল আন্তর্জাতিক ট্রাফিক সাবমেরিন কেবল এর মাধ্যমে সরবরাহ হয়ে থাকে। অপটিক্যাল সাবমেরিন কেবল ব্যবস্থার উত্তম চাহিদা রয়েছে এবং এগুলো অংশীদারী দেশসমূহের জন্য গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ।

ব্যবসায়িক প্রতিযোগিতা ও সম্ভাবনার চিত্র :

বাংলাদেশ সাবমেরিন কেবল কোম্পানী লিমিটেড (বিএসসিসিএল) একটি কেন্দ্রীয় টেলিযোগাযোগ সেবা প্রদানকারী সংস্থা যা আন্তর্জাতিক সাবমেরিন (ফাইবার অপটিক) কেবলের মাধ্যমে টেলিযোগাযোগ সেবা দিয়ে থাকে। বাংলাদেশ এবং বহির্বিদেশের মাঝে সাবমেরিন কেবলের মাধ্যমে উচ্চমানের ব্যান্ডউইডথ সমৃদ্ধ টেলিযোগাযোগ সংযোগ স্থাপিত হয়, বিএসসিসিএল এর মাধ্যমে। বর্তমানে বিএসসিসিএল এর অধীনে রয়েছে SEA-ME-WE-4 শীর্ষক আন্তর্জাতিক সাবমেরিন কেবলটি যা দেশের একমাত্র সাবমেরিন কেবল। SMW-4 আন্তর্জাতিক কনসোর্টিয়ামে বিএসসিসিএল বাংলাদেশের প্রতিনিধিত্ব করে থাকে। সাবমেরিন কেবল ব্যান্ডউইডথ সরবরাহের মাধ্যমে বিএসসিসিএল বাংলাদেশ সরকারের রাজস্ব আয়ে একটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। দেশের টেলিযোগাযোগ সেক্টরে বিএসসিসিএল বিকাশমান সংস্থা সমূহের মাঝে একটি। একথা বলা যায় যে, বিএসসিসিএল এর সাবমেরিন কেবলই হচ্ছে আন্তর্জাতিক টেলিযোগাযোগের মূল অবকাঠামো।

বর্তমানে সাবমেরিন কেবল টেলিযোগাযোগ সেক্টরে বিএসসিসিএল এর কোন বিকল্প নেই এবং বিএসসিসিএলই হচ্ছে বড় ব্যান্ডউইডথের একমাত্র সরবরাহকারী। এটি সরকারের নিকট হতে সাবমেরিন কেবল দ্বারা সার্ভিস প্রদানের ক্ষেত্রে লাইসেন্স প্রাপ্ত কোম্পানী। আইআইজি এবং আইজিডব্লিউ কোম্পানীগুলো বিএসসিসিএল থেকে সরকার অনুমোদিত ট্যারিফ নির্ধারিত লাইসেন্সিং গাইড লাইন, নিয়মও শর্তাবলী এবং রেগুলেশন অনুসারে ব্যান্ডউইডথের লীজ গ্রহণ করছে। বিটিআরসি কর্তৃক লাইসেন্সকৃত ৬টি আন্তর্জাতিক টেরেস্ট্রিয়াল কেবল (আইটিসি) কোম্পানীসমূহ পার্শ্ববর্তী দেশসমূহের সঙ্গে আন্তর্জাতিক লিংক তৈরী করে আইপিএলসি সেবা প্রদান করছে।


সূত্রাং বর্তমান সময়ে আইটিসি লাইসেন্সধারী কোম্পানীগুলোই ব্যবসায়িক ক্ষেত্রে বিএসসিসিএল এর মূল প্রতিযোগী। নতুন আইটিসি লাইসেন্সধারী কোম্পানীগুলো ভারতের সঙ্গে ভূমির উপর দিয়ে লিংক স্থাপন করে ব্যান্ডউইডথ ব্যবসা শুরু করেছে এবং তাই তারা বিএসসিসিএল এর ব্যবসায়িক প্রতিযোগী এবং ব্যান্ডউইডথের বিকল্প সরবরাহকারী হিসেবে কাজ করছে। আইটিসি কোম্পানীগুলো কম মূল্যে ব্যান্ডউইডথ সরবরাহ করার কারণে বিএসসিসিএল এর রেভিনিউ উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। বাজারে টিকে থাকার জন্য বিএসসিসিএল ইতিমধ্যে এর আইপিএলসি ব্যান্ডউইডথের দাম উল্লেখযোগ্য পরিমাণ হ্রাস করেছে।

বিএসসিসিএল বিটিআরসির নিকট হতে আইআইজি ও আইএসপি লাইসেন্স পেয়েছে এবং ইতিমধ্যে বাণিজ্যিকভাবে আইআইজি কার্যক্রম শুরু করেছে। এই নতুন সার্ভিস চালুর মাধ্যমে উক্ত হিসাব বছরে উল্লেখযোগ্য পরিমাণ রাজস্ব অর্জন করা সম্ভব হয়েছে। আশা করা যায় ভবিষ্যতে এ খাত হতে কোম্পানীর আয় ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে। সাবমেরিন কেবল লাইসেন্সের আওতায় বিএসসিসিএল আইআইজিগুলোকে আইপি ট্রানজিট প্রদানের অনুমতিও লাভ করেছে। বিএসসিসিএল এই নতুন প্রোডাক্ট চালু করে বড় সরবরাহকারী হিসেবে পূর্ব ও পশ্চিম দুই দিক থেকেই বড় ব্যান্ডউইডথ নিয়ে এসেছে, যাতে যে কোন দিকে কেবল কাটা পড়লে অপর প্রান্ত হতে ব্যান্ডউইডথ সেবা অব্যাহত রাখা যায়।

পণ্য ও সেবা :

বিটিআরসি লাইসেন্সিং গাইডলাইন অনুযায়ী বিএসসিসিএল অনুমোদিত প্রতিষ্ঠান হিসেবে নিম্নবর্ণিত কোম্পানীগুলোর নিকট ব্যান্ডউইডথ লীজ ও আইপি ট্রানজিট সেবা প্রদান করে থাকে :

- ১। আইআইজি কোম্পানীসমূহ
- ২। আইজিডব্লিউ কোম্পানীসমূহ
- ৩। আইএসপি কোম্পানীসমূহ
- ৪। আইপিএলসি এবং বড় ব্যান্ডউইডথের ব্যবহারকারী অন্যান্য অনুমোদিত কোম্পানী বা সংস্থাসমূহ।




ক্যাপাসিটি, ব্যান্ডউইড্থের ব্যবহার এবং SMW-4 কনসোর্টিয়াম কেবলের আপগ্রেড-৩ প্রক্রিয়াঃ

SMW-4 কনসোর্টিয়ামের সদস্য হিসেবে বাংলাদেশ ২০০৬ সালে ৭.৫ জিবিপিএস ব্যান্ডউইড্থ নিয়ে যাত্রা শুরু করে। আপগ্রেড-১ এবং ২ এর মাধ্যমে কোন বিনিয়োগ ছাড়াই কোম্পানী কিছু ব্যান্ডউইড্থ অর্জন করে এবং ২০০৮ সালে বিএসসিসিএল এর ক্যাপাসিটি দাঁড়ায় প্রায় ৪৪.৬০ জিবিপিএস। ভবিষ্যতের ক্যাপাসিটি এবং চাহিদার বিবেচনায় প্রতীয়মান হয়েছিল যে ২০১৩-১৪ অর্থ বছরের শেষ নাগাদ বিদ্যমান ক্যাপাসিটি ব্যবহৃত হয়ে যেতে পারে। টেলিযোগাযোগ ক্ষেত্রে বাণিজ্যিক কার্যক্রম প্রসারিত হওয়ার ফলে ব্যান্ডউইড্থ চাহিদা বেড়েই চলছিল। এমতাবস্থায়, SMW-4 কনসোর্টিয়ামের আপগ্রেড-৩ প্রক্রিয়ায় বিএসসিসিএল অংশগ্রহণ করে অতিরিক্ত ৬.৮ মিলিয়ন মিউ কিগিমিঃ ক্যাপাসিটি অর্জন করে। এতে বিএসসিসিএল ৪৮ কোটি টাকা নিজস্ব তহবিল হতে বিনিয়োগ করেছে। বিদ্যমান ক্যাপাসিটির সঙ্গে ইতোমধ্যেই অতিরিক্ত ক্যাপাসিটি যোগ হয়েছে যাতে মোট ক্যাপাসিটি দাঁড়িয়েছে প্রায় ২০০ জিবিপিএস এবং দেশব্যাপী প্রায় ১৩৫ জিবিপিএস ক্যাপাসিটি সাবমেরিন কেবল থেকে ব্যবহৃত হচ্ছে।

ক্যাপাসিটি এবং ব্যবহার চার্ট নিচে দেয়া হল :

	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬
ব্যবহার (জিবিপিএস)	২১.৮৬	২৬.০০	৩৮.৭৫	২২.৫০	৩৩.৫২	১৩২.১৬
ক্যাপাসিটি (জিবিপিএস)	৪৪.৬০	১৪৬.৯৩	২০০.০০	২০০.০০	২০০.০০	২০০.০০



SWOT বিশ্লেষণঃ

সামর্থ্য সমূহ :

- ক) বিএসসিসিএল বাংলাদেশে অবস্থিত SMW-4 কনসোর্টিয়ামের আওতায় সাবমেরিন কেবলের একমাত্র অংশীদার।
- খ) বিএসসিসিএল রাষ্ট্রীয় মালিকানাধীন একটি পাবলিক লিমিটেড কোম্পানী।
- গ) SMW-5 এর আওতায় দ্বিতীয় সাবমেরিন কেবল স্থাপনের পর বিকল্প সাবমেরিন কেবল যোগাযোগ ব্যবস্থা সৃষ্টি, জাতীয় ব্যবহার এবং পার্শ্ববর্তী দেশসমূহে রপ্তানীর জন্য পর্যাপ্ত পরিমাণ ব্যান্ডউইড্থ অর্জন করবে।
- ঘ) টেলিযোগাযোগ শিল্পে দেশে ও বিদেশে বিএসসিসিএল এর যথেষ্ট সুনাম রয়েছে।
- ঙ) বিএসসিসিএল সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করছে এবং উন্নত মানের ব্যান্ডউইড্থ সরবরাহ করছে।
- চ) বিএসসিসিএল সৃষ্টি লগ্ন থেকে একটি লাভজনক প্রতিষ্ঠান।

দুর্বলতাসমূহ :

- ক) ভবিষ্যতে বিএসসিসিএল ব্যবসার ক্ষেত্রে তীব্র প্রতিযোগিতার সম্মুখীন হতে পারে কারণ আইটিসি লাইসেন্সধারী আরও ৬টি প্রতিষ্ঠান একই ধরনের সেবা প্রদান করছে।
- খ) তীব্র প্রতিযোগিতার জন্য বিএসসিসিএলকে অপেক্ষাকৃত কম মূল্যে সেবা প্রদান করতে হতে পারে, যার ফলে বিএসসিসিএল এর ব্যবসা প্রতিকূলতার সন্মুখীন হতে পারে।

সুযোগসমূহ :

- ক) এই শিল্পের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাবে কারণ Govt. ইন্টারনেট সেবা সারাদেশে ছড়িয়ে দেয়ার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে।
- খ) উচ্চ ক্ষমতা সম্পন্ন ব্যান্ডউইড্থ বিভিন্ন IT Village -এ সরবরাহ করার ফলে বিভিন্ন প্রযুক্তি সংক্রান্ত ব্যবসা যেমন- ডাটা এন্ট্রি, সফটওয়্যার রপ্তানী, কল সেন্টার সার্ভিসেস ইত্যাদি গড়ে ওঠার সমূহ সম্ভাবনা রয়েছে।
- গ) কোম্পানী অধিক আত্মহের সহিত ভারতের উত্তর পূর্ব প্রদেশসমূহে ত্রিপুরা ছাড়াও অন্যান্য প্রদেশে ব্যান্ডউইড্থ রপ্তানীর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে যার ফলে কোম্পানীর ব্যাপক উন্নতির সম্ভাবনা সৃষ্টি হয়েছে।
- ঘ) উন্নত দেশসমূহের মত বাংলাদেশেও উন্নত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিভিন্ন প্রযুক্তি সংক্রান্ত ব্যবসার দুয়ার খুলে যেতে পারে।
- ঙ) ভবিষ্যতে বিএসসিসিএল ব্যাকহোল সেবা প্রদান করবে বলে পরিকল্পনা করেছে।
- চ) ভিশন-২০২১ বাস্তবায়নের জন্য প্রচুর ব্যান্ডউইড্থ এর প্রয়োজন হতে পারে যার একমাত্র যোগানদাতা হবে বিএসসিসিএল।

ঝুঁকি সমূহ :

যেহেতু এ ধরনের স্থাপনায় প্রচুর মূলধন ব্যবহৃত হয়ে থাকে সেহেতু প্রযুক্তির দ্রুত পরিবর্তনের ফলে সম্পূর্ণ বিনিয়োগ ঝুঁকির সন্মুখীন হতে পারে, যার ফলে ব্যবসায়িক আয় কমে যেতে পারে।

শিল্প ঝুঁকি :

গ্রাহকবৃন্দ স্বভাবতই সর্বদা কম মূল্যে সার্ভিস গ্রহণ করতে ইচ্ছুক, যার ফলে আইপিএলসি চার্জ থেকে আয় হ্রাসসহ কোম্পানীর সামগ্রিক আয় হ্রাস পেতে পারে। আমাদের ব্যবসায়িক প্রতিযোগিতা আমাদের চেয়ে কম মূল্যে এই সেবা প্রদান করছে।

ব্যবস্থাপনা পর্যায়ে মূল্যায়ণ :

ডেটা ও ভয়েস সার্ভিসের চাহিদা প্রতিদিন বেড়েই চলেছে। যদি কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পণ্যের মূল্য হ্রাস করেন তবে বিক্রয়ের মাত্রা বেড়ে যাবে। এতে সার্বিক আয় বৃদ্ধি পেতে পারে এবং মূল্য হ্রাসের কারণে কোম্পানীর আয় তেমন ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত নাও হতে পারে।

প্রযুক্তিগত ঝুঁকি :

তথ্য ও প্রযুক্তি সেক্টরে সবচেয়ে গুরুত্বপূর্ণ ঝুঁকি হচ্ছে প্রযুক্তির ক্ষেত্রে দ্রুত পরিবর্তন। বর্তমানে বিশ্ব প্রযুক্তিগত বিপ্লবের মাঝ দিয়ে যাচ্ছে। অবশ্য আমাদের কোম্পানী সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করছে এবং সিস্টেম ও টার্মিনাল ইকুইপমেন্টসের প্রতিস্থাপনের সুযোগও এখানে রয়েছে। ইতোমধ্যেই বিদ্যমান সিস্টেমটিকে তিনবার আপগ্রেড করা হয়েছে যার ফলে ক্যাপাসিটি এবং দক্ষতা দুটোই বৃদ্ধি পেয়েছে বা উন্নত হয়েছে। আগামী দুই বছরের মধ্যে বিদ্যমান অবকাঠামোর উন্নয়নের জন্য তেমন কোন নতুন বিনিয়োগের প্রয়োজন পড়বে না বলে আশা করা যায়। সূতরাং প্রযুক্তি সংক্রান্ত ঝুঁকি গ্রহণযোগ্য মাত্রার মধ্যে রয়েছে বলে প্রতীয়মান।

বাজার সংক্রান্ত ঝুঁকি :

বিএসসিসিএল এর জন্য প্রধান ঝুঁকিসমূহের একটি হচ্ছে প্রতিযোগিতামূলক বাজার। যদিও দেশের একমাত্র সাবমেরিন কেবল বিএসসিসিএল এর অধীনে রয়েছে, সরকার ৬টি কোম্পানীকে আইটিসি লাইসেন্স প্রদান করেছে। এর ফলে বিদ্যমান সম্ভাব্য গ্রাহকবৃন্দের কেউ কেউ বিএসসিসিএল এর বদলে অন্য নতুন কোম্পানী থেকেও সার্ভিস গ্রহণ করতে পারে। যেসব কোম্পানীকে আইটিসি লাইসেন্স প্রদান করা হয়েছে তাদের মধ্যে রয়েছে নভোটেল লিঃ, আসিস এএইচএল জয়েন্ট ভেঞ্চার, বিডি লিংক কমিউনিকেশন লিঃ, ম্যাংগো টেলিসার্ভিসেস লিঃ, সামিট কমিউনিকেশন লিঃ এবং ফাইবার এ্যাট হোম লিঃ। এ সকল কোম্পানীসমূহ ২০১৩ সালের মধ্যভাগ থেকে কার্যক্রম শুরু করেছে। তবে মুম্বাই ও চেন্নাই হতে দীর্ঘ সংযোগের জন্য উচ্চ ট্রান্সমিশন ব্যয়ের কারণে এ সকল আইটিসি হতে স্বল্পমূল্যে সার্ভিস পাওয়া যাবে বলে আশা করা যায় না। সাবমেরিন কেবল সিস্টেম হতে প্রাপ্ত ব্যান্ডউইড্থের মানও ঐ সকল আইটিসির তুলনায় অনেক ভালো। সূতরাং বাজার ঝুঁকির মাত্রাও কোম্পানীর জন্য কম বলে প্রতীয়মান হয়।

পরিচালনা ঝুঁকি :

বর্তমানে বাংলাদেশের সাবমেরিন কেবল মাত্র একটি এবং এই সাবমেরিন কেবলটি কাটা পড়লে ভয়েস ও ডেটা কমিউনিকেশনের ক্ষেত্রে অন্তত ৭ থেকে ১০ দিনের জন্য দেশকে বেশ বিপদের মুখে পড়তে হবে। যদিও উপগ্রহ ব্যবস্থা ও আইটিসির মাধ্যমে কিছুটা যোগাযোগ রাখা সম্ভব হবে কিন্তু সাবমেরিন কেবলের সাথে তুলনা করলে তা যথেষ্ট কমমাত্রার। তবে অপরাপর সাবমেরিন কেবলের

মূল্য নির্ধারণের ক্ষেত্রে ঝুঁকি :

সাবমেরিন কেবলের ক্ষেত্রে কোম্পানীর একচেটিয়া আধিপত্যের জন্য প্রয়োজন মত মূল্য পরিবর্তনের ক্ষেত্রে কোম্পানীর স্বাধীনতা রয়েছে। তবে সরকার ও বিটিআরসি মূল্যহার নিয়ন্ত্রণ করে থাকে। সরকার এবং স্টেক হোল্ডারবৃন্দ আইপিএলসি চার্জ কমানোর জন্য বেশ আগ্রহী হলেও এতে করে কোম্পানীর মোট রেভিনিউ কমে যেতে পারে। সূত্রাং মূল্য নির্ধারণের ক্ষেত্রে কোম্পানীর জন্য কিছুটা ঝুঁকি বিদ্যমান। এ ধরনের মূল্য হ্রাসের ক্ষেত্রে কোম্পানীর আয় ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। তবে বিএসসিসিএল ব্যান্ডউইড্থ এর সরবরাহ বৃদ্ধির বিপরীতে মূল্য সংকোচনের মাধ্যমে মূল্য নির্ধারণের ঝুঁকি গ্রহণযোগ্য মাত্রায় সীমিত রাখতে চায়।

অস্বাভাবিক আয় বা ব্যয় :

বিবেচনাধীন বছরে কোম্পানীর অস্বাভাবিক কোন আয় বা ব্যয়ের ঘটনা ঘটেনি।

আন্তঃসম্পর্কিত কোম্পানীর লেনদেন :

চলতি অর্থ বছরে আন্তঃসম্পর্কিত কোম্পানীর লেনদেন BAS-24 অনুসারে আর্থিক প্রতিবেদনের নোট নম্বর ৪৯-এ বিস্তারিত বর্ণিত আছে।

আর্থিক প্রতিবেদনে তাৎপর্যপূর্ণ বিচ্যুতি :

গত বছরের তুলনায় চলতি অর্থ বছরে কোম্পানীর আয় ও নীট মুনাফা বৃদ্ধি পেয়েছে।

পরিচালকবৃন্দের সম্মানী :

অর্থ বৎসর ২০১৫-২০১৬ -এ বোর্ড সভায় উপস্থিতি বাবদ পরিচালকগণকে মোট ১২,০৮,৮০৯/- টাকা সম্মানী হিসেবে প্রদান করা হয়েছে।

ব্যবস্থাপনা পরিচালকের নিয়োগ :

সমগ্র দেশব্যাপি একটি পরিচ্ছন্ন প্রতিযোগিতার মাধ্যমে সরকার ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ করার ব্যবস্থা গ্রহণ করে এবং তাতে প্রথম স্থান অধিকার করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মনোনয়ন প্রদান করলে ৫ই নভেম্বর ২০১৪ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত কোম্পানীর পরিচালনা পর্ষদের ১০০তম সভায় জনাব মোঃ মনোয়ার হোসেনকে দুই বছর মেয়াদে কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করে।

মানব সম্পদ ব্যবস্থাপনা :

অনুমোদিত মানবসম্পদ কাঠামো অনুযায়ী কোম্পানীর মোট কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা ১৭০। ৩০শে জুন ২০১৬ তারিখে কোম্পানীতে নিযুক্ত কর্মকর্তা কর্মচারীর সংখ্যা ছিল ৯৪ জন। কর্মকর্তা ৪৫ জন এবং কর্মচারী ৪৯ জন এর মধ্যে ৯০ জন স্থায়ীভাবে নিযুক্ত এবং অস্থায়ীভাবে নিযুক্ত আছে ৪ জন। বিএসসিসিএল এর বোর্ড কর্তৃক অনুমোদিত নিজস্ব মানব সম্পদ ব্যবস্থাপনা নীতিমালা রয়েছে। চলতি অর্থ বৎসরে কোম্পানীর কোন কর্মকর্তা ও কর্মচারী চাকুরী হতে ইস্তফা প্রদানের নজির স্থাপিত হয়নি। ২০০৮ সালে কোম্পানী গঠনের পর থেকে মাত্র ২ জন কর্মকর্তা ও কর্মচারী চাকুরী হতে ইস্তফা প্রদান করেছেন। কোম্পানী সকল কর্মকর্তা ও কর্মচারীদের উৎসব ভাতা, মুনাফার অংশ, ভবিষ্যত তহবিল, গ্র্যাচুইটি সুবিধা প্রদান করে থাকে। এছাড়াও কোম্পানী যাচাই বাছাই সাপেক্ষে প্রয়োজ্য ক্ষেত্রে চিকিৎসা খরচ প্রদান করে থাকে। পদোন্নতির ক্ষেত্রে কর্মকর্তা কর্মচারীদের দক্ষতা মূল্যায়ন করা হয়, যদিও এখন পর্যন্ত কোম্পানী গঠনের পর হতে কোন কর্মকর্তা কর্মচারীর পদোন্নতি হয়নি।

তথ্য ও প্রযুক্তি :

তথ্য প্রযুক্তি নির্ভর সংস্থা হিসেবে বিএসসিসিএল উন্নত তথ্য প্রযুক্তি দ্বারা পরিচালিত। বিএসসিসিএল SSEOPS, Go-Global U X ২.১.২ এর মাধ্যমে অন্যান্য সদস্য দেশের সাথে Real time virtual online যোগাযোগ রক্ষা করে। এই কোম্পানী ল্যান্ডিং স্টেশনে স্থাপিত System Surveillance Equipment (SSE) এর মাধ্যমে সম্পূর্ণ সাবমেরিন পদ্ধতি পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করে থাকে। বিএসসিসিএল যাবতীয় হিসাব সংরক্ষণের জন্য Tally Software ব্যবহার করে থাকে।

আর্থিক প্রতিবেদন সম্পর্কে পরিচালকগণের ঘোষণা :

পরিচালকগণ গুরুত্ব সহকারে ঘোষণা করছেন যে;

- (ক) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী যথাযথ প্রতীয়মান হয়েছে।
- (খ) কোম্পানীর একাউন্টিং সংক্রান্ত হিসাব বই বিধান অনুযায়ী যথাযথ ভাবে রক্ষিত হয়েছে।
- (গ) আর্থিক বিবরণী প্রস্তুত কালে যথাযথ একাউন্টিং নীতিমালা সামঞ্জস্যপূর্ণ ভাবে অনুসরণ করা হয়েছে এবং একাউন্টিং সংক্রান্ত প্রাক্কলন যুক্তিযুক্ত এবং বিচক্ষণ বিবেচনার ফসল।
- (ঘ) বাংলাদেশে প্রযোজ্য একাউন্টিং স্ট্যান্ডার্ড (বি.এ.এস)/বাংলাদেশ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ড (বি.এফ.আর.এস) যথাযথভাবে প্রয়োগ করা হয়েছে।
- (ঙ) কোম্পানী চলমান প্রতিষ্ঠান হিসেবে (Going Concern) অব্যাহত থাকার ব্যাপারে কোন সন্দেহ নাই।
- চ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া যথাযথভাবে কার্যকর হয়েছে।

পরিচালনা পর্যদের সভা :

২০১৫-১৬ অর্থবৎসরে ব্যবসায়িক কার্যক্রম আলোচনা এবং অনুমোদনের জন্য পরিচালনা পর্যদের মোট ২৩টি সভা অনুষ্ঠিত হয়।

পরিচালকগণের পুনঃ নিয়োগ :

কোম্পানীর সংঘবিধি অনুযায়ী কোম্পানীর চেয়ারম্যান জনাব মোঃ ফয়জুর রহমান চৌধুরী এবং কোম্পানীর পরিচালক জনাব শওকত মোস্তফা ৮ম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং পুনঃ নিয়োগের যোগ্য বিধায় পুনরায় নিয়োজিত হতে আত্মপ্রকাশ করেছেন।

আগামী ৮ম বার্ষিক সাধারণ সভায় উপরে উল্লেখিত পরিচালকগণের নিয়োগ সন্মানিত শেয়ারহোল্ডারদের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। পুনঃনিয়োগ প্রাপ্ত পরিচালকগণের সংক্ষিপ্ত পরিচিতি বার্ষিক প্রতিবেদনের ১০ম পৃষ্ঠায় বর্ণিত আছে।

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন নোটিফিকেশন নং- SEC/CMRRCD/২০০৬-৫৮/১৩৪/Admin/88, Dated ৭th August ২০১২ -এর আলোকে কোম্পানীর প্রয়োজনীয় তথ্য নিম্নে দেওয়া হলো :

পরিচালনা পর্ষদ :

বোর্ডের আকার :

পরিচালনা পর্ষদে পরিচালকের সংখ্যা স্বতন্ত্র পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক সহ ৯ জন যা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর গাইড লাইন অনুযায়ী গঠিত হয়েছে।

১.২ স্বতন্ত্র পরিচালক :

১.২.১ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর নীতিমালা অনুসারে জনাব নাছির উদ্দিন আহমেদ এফসিএ, এফসিএস-কে স্বতন্ত্র পরিচালক হিসেবে ২০১৪ সালের ২৮শে এপ্রিল নিয়োগ দেওয়া হয়েছে। তিনি আইসিএবি এর প্রাক্তন সভাপতি এবং বর্তমান কাউন্সিল মেম্বর এবং ম্যাবস এন্ড জে পার্টনারস্, চার্টার্ড এ্যাকাউন্টেন্টস্ এর একজন জেষ্ঠ অংশীদার।

১.২.২ বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর নীতিমালা অনুসারে জনাব হোসেন খালেদ -কে ২০১৫ সালের ৫ই জুলাই স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। তিনি বর্তমানে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।

১.৩ স্বতন্ত্র পরিচালকদের যোগ্যতা :

জনাব নাছির উদ্দিন আহমেদ এফসিএ, এফসিএস, ম্যাবস এন্ড জে পার্টনারস্, চার্টার্ড এ্যাকাউন্টেন্টস্ এর একজন জেষ্ঠ অংশীদার। তিনি আইসিএসবি এর একজন ফেলো মেম্বর ও আইসিএবি এর প্রাক্তন সভাপতি। বর্তমানে তিনি আইসিএবি এর কাউন্সিল মেম্বর হিসেবে দায়িত্ব পালন করছেন।

জনাব জনাব হোসেন খালেদ বর্তমানে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি যুক্তরাষ্ট্র হতে বিবিএ ও এমবিএ সম্পন্ন করেছেন এবং বিভিন্ন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সাথে জড়িত আছেন।

১.৪. পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা :

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত আছেন।

২. প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানী সেক্রেটারী ও প্রধান নিরীক্ষা কর্মকর্তা :

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন এর নীতিমালা অনুযায়ী প্রধান অর্থ কর্মকর্তা, কোম্পানী সেক্রেটারী ও প্রধান নিরীক্ষা কর্মকর্তা হিসেবে পৃথক পৃথক ব্যক্তি নিয়োজিত আছে।

৩. নিরীক্ষা কমিটি :

পরিচালনা পর্ষদের একটি সাব-কমিটি হিসেবে ২০১২ সালের ২৫শে সেপ্টেম্বর একজন স্বতন্ত্র পরিচালক এবং দুইজন পরিচালকের সমন্বয়ে নিরীক্ষা কমিটি গঠিত হয়েছিল। পরবর্তীতে এই কমিটি দুইজন স্বতন্ত্র পরিচালক এবং একজন পরিচালকের সমন্বয়ে পুনঃ গঠিত হয়। কোম্পানী সচিব এই কমিটির সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন। বিএসইসি এর নির্দেশনা অনুযায়ী অডিট কমিটির দায়িত্ব ও কর্তব্য বোর্ড কর্তৃক অনুমোদিত। অডিট কমিটির রিপোর্ট ২০১৫-১৬ বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৪. মূলধন কাঠামো :

কোম্পানীর অনুমোদিত মূলধন ১০০০ কোটি টাকা যা ১০ টাকা মূল্যের ১০০ কোটি শেয়ার দ্বারা গঠিত এর মধ্যে পরিশোধিত মূলধন ১৬৪.৯১ কোটি টাকা।

৫. কোম্পানী ব্যবসায়িক কার্যক্রম :

কোম্পানী উন্নত ব্যাল্ডউইড্থ সরবরাহ এর মাধ্যমে টেলিযোগাযোগ ক্ষেত্রে সকলের অংশগ্রহণ নিশ্চিত করেছে।

৬. লভ্যাংশ:

বিবেচ্য অর্থ বৎসরে পরিচালনা পর্ষদ ১০% লভ্যাংশ (নগদ) এর জন্য সুপারিশ করেছে।

৭. নিরীক্ষক নিয়োগ :

এম.জে আবেদীন এন্ড কোং চার্টার্ড একাউন্টেন্টস্ ৮ম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং পুনঃ নিয়োগের যোগ্য বিধায় পুনরায় নিয়োজিত হতে আত্মপ্রকাশ করেছেন। উল্লেখ্য যে, কোম্পানীর পরিচালনা পর্ষদ এম.জে আবেদীন এন্ড কোং চার্টার্ড একাউন্টেন্টস্ কে আগামী বার্ষিক সাধারণ সভা শেষ না হওয়া পর্যন্ত সময়ের জন্য ২,২৫,০০০.০০ টাকা (ভ্যাট ব্যতীত) 'ফি' প্রদান সাপেক্ষে কোম্পানীর বহিঃ নিরীক্ষক হিসেবে নিয়োগ প্রদানের সুপারিশ করেছে।

৮. উপসংহার :

২০১৫-১৬ অর্থবৎসরে সফলতার সাথে কর্মকাণ্ড পরিচালনা করতে পেরে পরিচালনা পর্ষদ মহান আল্লাহ পাকের শুকরিয়া আদায় করছেন। পরিচালনা পর্ষদ গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন সম্মানিত গ্রাহক, শেয়ারহোল্ডার এবং পৃষ্ঠপোষকদের সমর্থন ও সহযোগিতার জন্য। পরিচালনা পর্ষদ সহযোগিতা ও সঠিক দিক নির্দেশনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বিটিসিএল, বিটিআরসি, বিএসইসি, ডিএসই, সিএসই, আরজেএসসি, সিডিবিএল এবং অন্যান্য নিয়ন্ত্রক সংস্থাকে।


পরিচালনা পর্ষদ তথ্য ও প্রযুক্তি সেবার দ্রুত বিকাশ লাভ করবে এবং একটি ডিজিটাল সেবা ভিত্তিক সমাজ ব্যবস্থা গড়ে উঠবে বলে প্রত্যাশা করছে।

সর্বোপরি কোম্পানীর উন্নতির লক্ষ্যে কর্মকর্তা ও কর্মচারীদের নিরলস প্রচেষ্টা, একত্রে সেবা ও সহযোগিতার জন্য পরিচালনা পর্ষদ আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

পরিচালক মন্ডলীর পক্ষে



নাসির উদ্দিন আহমেদ এফসিএ, এফসিএস
স্বতন্ত্র পরিচালক



প্রকৌশলী মোঃ মনোয়ার হোসেন
ব্যবস্থাপনা পরিচালক

BSCCL

Connecting the world

Corporate Governance Compliance Report

Bangladesh Submarine Cable Company Limited (BSCCL) throughout its entire business operations puts persistent efforts to ensure stakeholders' trust and confidence as governance and stakeholders' interests are interconnected. With this end in view, BSCCL has been providing and maintaining innovative, user-friendly and best-value telecommunications, Internet services to create sustainable stakeholders' interests. To reach to these objectives, the Board of Directors of the Company is dedicated to ensure the highest standards of Corporate Governance to keep the Company's business integrity and performance on the right track. Being a responsible corporate entity, BSCCL maintains adequate transparency and encouraging sound business conduct both in its in-house practices and in its external relationship with the community as well as suppliers, customers and business partners. The Company, at the same time, expects acts of honesty and integrity from its Board of Directors, employees and suppliers.

BSCCL being a public listed company, its Board of Directors plays a crucial role in upholding the interests of all its stakeholders. The Board of Directors and the Management Team are also dedicated to maintaining a well-established culture of accountability, transparency, easy-to-understand policies and procedures to ensure effective Corporate Governance at every level of its operations. The Board of Directors and the Management Team also put their best efforts to comply with all the laws of the country and all the internal regulations, policies and procedures to make BSCCL a thoroughly transparent company. Moreover, recognizing the fact that compliance has been the corner stone of good governance, the Company meticulously undergoes through the process of statutory audit and compliance certification as required by laws of the land. As a result, BSCCL has been able to maintain the highest level of integrity and accountability of national standards over the years and successively awarded with the prestigious ICMAB Best Corporate Award & ICSB National Award on Corporate Governance Excellence.

Board Organization, & Structure

a) Role of the Board

The Directors of the Board are approved by the Shareholders at the Annual General Meeting (AGM) and accountable to the Shareholders. The Board is responsible for ensuring that the business activities are soundly administered and effectively controlled. The Directors keep themselves informed about the Company's financial position and ensure that its activities, accounts and asset management are subject to adequate control. The Board also ensures that BSCCL's Policies, Procedures and Codes of Conduct are implemented and maintained as well as the Company adheres to generally accepted principles for good governance and effective control for Company activities. In addition to other legal guidelines, the Board has also adopted "Rules of Procedure for the Board of Directors" for ensuring better governance in the work and the administration of the Board. The Board is also guided by a Delegation of Authority which spells out the practices and processes in discharging its responsibilities.

b) Board Composition

The Board of BSCCL is comprised of nine (9) Directors, including the Managing Director. In compliance with the Corporate Governance Guidelines issued by the Bangladesh Securities and Exchange Commission (BSEC) the Board of Directors has appointed two (2) Independent Directors. We believe that our Board Members have the optimum level of knowledge, composure and technical understanding about the Company's business which, combined with its diversity of culture and background, stands as the perfect platform to perform and deliver.

c) Board Meetings

The Articles of Association of the Company requires the Board to meet at least four times a year or more when duly called for in writing by a Board member. Dates for Board Meetings in a year are decided in advance and notice of each Board Meeting is served in writing well in advance. Such notice contains detailed statement of business to be transacted at each meeting. The Board meets for both scheduled meetings and on other occasions to deal with urgent and important matters that require attention.

Board Structure and Its Operation

Size of the Board

The Board of BSCCL comprises of 9 Members including the Managing Director. As per BSEC notification, a listed Company should have Independent Director of at least one-fifth of the Directors with a minimum of one. As per Article of Association of the company the Managing Director is an Ex-officio Director.

Composition of the Board

The Board of BSCCL comprise of nine members as under:

Non-executive Director 6

Executive Director 1

Independent Director 2

None Executive Director

There are eight Non-executive Directors. None of these directors take part in the day to day operations of the Company. They attend only in the Board/Board Committees meeting to discuss the agenda reserved for the Board/Committee.

Independent Director

In order for a Director to qualify as an Independent Director, the Board affirmatively determines that the Director has no material relationship with BSCCL (either as a partner, shareholder or officer of an organization that has a relationship with BSCCL that would preclude that nominee from being an independent Director. For the purpose of such determination, the directors consider that the Independent Director does not hold any share or holds less than one percent shares of the total paid up capital of this Company and who is not a sponsor of the company and is not connected with the company's any sponsor or director or shareholder who holds one percent (1%) or more shares of the total paid-up shares of the company on the basis of family relationship. His/her family members also should not hold above mentioned shares in the company. He/she does not have any other relationship, whether pecuniary or otherwise, with the Company or its subsidiary/associate companies, who is not a member, Director or Officer of the Stock exchange and who is not a shareholder, director or officer of any stock exchange or an intermediary of the capital market. He/ she possesses the required qualifications as stated in the Corporate Governance Guideline issued by BSEC.

Tenure & Retirement

The office of Non-executive Directors (except Independent Directors) is subject to retirement by rotation. At least one-third of the non-executive Directors shall retire by rotation in every Annual General Meeting (AGM). The Managing Director is appointed by the Board of Directors and the office of the Managing Director being an Ex-officio Director is not subject to retirement in Annual General Meeting (AGM). On the other hand the Independent Directors should retire at the end of their tenure of three years.

Directors Responsibility

Each Director devotes his or her best efforts to attend in all the meeting of the Board and the Board committee to which such Director is appointed. The Directors are responsible for developing and upgrading BSCCL Governance principles, Code of Business Conduct and the charter of each committee on which such Director serves. For better decision making, materials are provided to the members in advance of the Board/Committee meetings.

Role of the Board

The Board's main roles are to define the company's strategic objectives, to provide entrepreneurial leadership for the company, to create value for the shareholders and to ensure that the necessary financial and other resources are available to enable the company and the Board to meet these objectives. The specific responsibilities reserved to the board include the approval of all information.

supplied to the shareholders in the annual and interim accounts, the setting of company strategy, approving annual budgets; reviewing operational and financial performance; approving capital expenditure; the setting of borrowing limits; reviewing the Company's systems of financial control and risk management; ensuring that appropriate management development and succession plans are in place; approving appointments to the Board and ensuring the satisfactory dialogue takes place with shareholders over the Company's and its aspiration for the future.

Delegation of Authorities

The company runs under the delegation of authority as approved by the Board. Bank accounts of the Company are being operated by constituting two groups from management considering one from each group. The Board has delegated certain responsibilities to the management on some matters within defined parameters. These include development and recommendation of strategic plans for consideration of the Board reflecting the longer term objectives and priorities established by the Board; monitoring the operating and financial results against plans and budgets; monitoring business operation against objectives; prioritizing the allocation of capital; management and control of borrowing limits and implementing risk management systems.

Directors Independence

Majority of the Directors are non-executive directors. Only the Managing Directors is an executive director. The Board considers that all the directors have independence in minds, strength of character and judgment. There are no such relationships or circumstance relating to any of them not to be considered independent. The Board considered constitution brings an appropriate balance of strategy, performance, resources, internal controls, and corporate governance. Their wide-ranging experience and particular areas of knowledge and expertise continue to add value to the deliberations of the Board.

Separate Role of the Chairman & Managing Director

The responsibilities of the Chairman and the Managing Director are separate, thereby preventing unfettered powers of decision making on a single hand. The Chairman is a non-executive Director while the Managing Director is an Executive Director.

Role of the Chairman

The Chairman leads the Board in determination of its strategy and achievement of its objectives. The Chairman is responsible for organizing the business of the Board, ensuring its effectiveness and setting its agenda. The Chairman is also responsible for ensuring that the Directors receive accurate, timely and clear information. The Chairman has no engagement in the day-to-day business of the company. The Chairman facilitated the effective contribution of Non-Executive directors and ensures that constructive relations exist amongst the Directors. Minutes of the meeting are signed by the Chairman. He also signs the proposal for appointment of the Managing Director and for revision of MD's salaries and allowances.

Role of the Managing Director

The Managing Director is responsible for running the business and for formulating and implementing Board strategy and policy. He also has direct charge and overall control of the company on a day-to-day basis and is accountable to the Board for the financial and operational performance of the Company. The Managing Director is also responsible for imparting a dynamic leadership, evolution of diversification and expansion of business and take the Company to a good height of financial strength.

Role of the Company Secretary

The company secretary is responsible for ensuring proper information flow within the Board and its committees and between the senior management and non-executive directors. He is also responsible for advising the Board through the Chairman on all governance matters. He ensures that Board procedures are complied with. The authority of both the appointment and removal of the Company Secretary is vested to the Board as a whole. The company secretary is also responsible for implementation of the Board decisions. He is also responsible for organizing the AGM/EGM.

Role of the Head of Internal Control & Compliance

The head of Internal Control & Compliance is responsible for reporting to the Board Audit Committee regarding any deviation from accounting and internal control systems of the Company. He is also responsible for ensuring regulatory compliance of the company. The authority of both appointment and removal of the head of Internal Control & Compliance is vested to the Board as a whole.

Price Sensitive Information

Price Sensitive information means any such information if it is published may influence market price of the concerned security. Every listed Issuer shall disseminate its any or all price sensitive information within 30 minutes of the decision making or immediately upon getting such information to the BSEC and the Stock Exchanges under the signature of its Chairman, the Chief Executive Officer or the Company Secretary through Fax and by special messenger, and through courier service in special cases and at the same time cause publishing the same in two widely circulated daily newspapers, one in Bangla and the other in English and in an online newspaper. BSCCL always comply with the statutory requirements in this regards.

Appointment to the Board

Appointment of any new Director is made with the consent of the directors and his/her appointment is placed for the shareholder's approval in the upcoming Annual General Meeting (AGM). The Managing Director nominated by the Government is also appointed by the Board and his/her appointment is also placed for the shareholder's approval in the upcoming Annual General Meeting (AGM). Any new appointment to the Board requires intimation to the Bangladesh Securities and Exchange Commission (BSEC) and Stock Exchanges.

Board Committees

There are several Board Sub-Committees, each with a defined scope of work and terms of reference. These committees are responsible for providing independent and expert advice to the Board on the subjects assigned. The Board is assisted by different Board Committee who discharges duties within the delegated and prescribed job responsibilities. All the members of the Committee are Directors and members of the Management. The Board Committees are as under:

- o Board Audit Committee
- o Executive Committee

Appraisal of the Managing Director

The Managing Director is entrusted with the Management of the Company's operations and he is fully accountable to the Board. Performance of the Managing Director including the Management is assessed by the Board annually.

Directors' Remuneration

The Directors do not get any performance based remuneration or incentive. The Board chairman & members get only fees for attending Board/Committee meetings to the maximum of TK 7,000 & 6,000 (excluding VAT) respectively per meeting. The remuneration package of the Managing Director is determined by the Board. The remunerations of the Directors can be determined/changed by the Board as per the Article of Association.

Discloser of Directors' remuneration

Directors of the Company are not eligible for any remuneration other than the meeting attendance fees as prescribed by the Law. During the year under review, the chairman & members of the Board of Directors were eligible for attendance fee of TK 7,000 & 6,000 (excluding VAT) respectively per meeting of Board, Executive Committee and Audit Committee.

Employees' Remuneration

The objective of the Company's remuneration policy is to attract, motivate, reward and retain quality staff. The Board ensures that the remuneration policies are in line with the strategic objectives and the corporate values of the Company, and do not give rise to conflicts between the objectives of the Company and the interests of the individual Directors and key executive. The company has separate Service Regulations and pay role structure for each position which is approved by the Board of Directors.

Disclosers on the Performance and Prospect of the Company

